

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৯৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. তৃতীয় অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْمُؤْمِنُ مَأْلَفٌ وَلَا خَيْرَ فِيمَنْ لَا يَأْلَفُ وَلَا يُؤْلَفُ» رَوَاهُمَا أَحْمد وَالْبَيْهَقِيّ فِي «شعب الْإِيمَان»

বাংলা

৪৯৯৫-[৪৯] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিম প্রেম-প্রীতি ও ভালোবাসার কেন্দ্রস্থল। তার মধ্যে কোন কল্যাণ নেই, যে ব্যক্তি অন্যকে ভালোবাসে না এবং অন্য মুসলিমও তার প্রতি ভালোবাসার দৃষ্টি নিক্ষেপ করে না। [হাদীসদ্বয় ইমাম আহমাদ ও বায়হাকী'র (রহিমাহুল্লাহ) "শু'আবুল ঈমানে" বর্ণনা করেছেন।][1]

ফুটনোট

[1] সহীহ: বায়হাকী ৮১১৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৪২৫, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩৪৫৪৪, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১৬২৭, আহমাদ ৯১৯৮, হিলইয়াতুল আওলিয়া ৪/২৫৪ পৃঃ, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৫৬১২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মু'মিন ভালোবাসার কেন্দ্র, সুতরাং তারা পরস্পর পরস্পরকে ভালোবাসবে, এটা কল্যাণের নিদর্শন। যার মধ্যে কল্যাণ নেই, সেই ভালোবাসা পরিহার করে থাকে। এটাই হচ্ছে কুরআন এবং হাদীসের দা'ওয়াত এবং আহবান। আল্লাহ রব্বুল 'আলামীন বলেছেনঃ ''তোমরা সকলে শক্তভাবে সম্মিলিতভাবে আল্লাহর রজ্জুকে আঁকড়ে ধর এবং বিচ্ছিন্ন হয়ো না আর আল্লাহর পক্ষ থেকে নি'আমাতের শুকরিয়া আদায় কর। যখন তোমরা পরস্পর পরস্পরের শক্র ছিলে, অতঃপর আল্লাহ রববুল 'আলামীন তোমাদের ভিতরে তোমাদের অন্তরে ভালোবাসা স্থাপন করেছেন। পরক্ষণে তোমরা একে অপরের ভাই হয়ে গেছ আল্লাহর নি'আমাতের কারণে''- (সূরাহ্ আ-লি 'ইমরান



৩ : ১০২)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন